# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৬২

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ হাজরে আসওয়াদে চুম্বন দেওয়া।

باب مَا جَاءَ فِي تَقْبِيلِ الْحَجَرِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَابِسِ بْنِ رَبِيعَةَ، قَالَ رَأَيْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ يُقَبِّلُ الْحَجَرَ وَيَقُولُ إِنِّي أُقَبِّلُكَ وَأَعْلَمُ أَنَّكَ حَجَرٌ وَلَوْلاَ أَنِّي رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يُقَبِّلُكَ لَمْ أُقَبِّلْكَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي بَكْرٍ وَابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

৮৬২. হান্নাদ (রহঃ) ...... আবিস ইবনু রাবীআ (রাঃ) থেকে বর্নিত। তিনি বলেন, আমি উমার ইবনু খাত্তাব (রাঃ) কে হাজরে আসওয়াদে চুমা দিতে দেখেছি। তিনি তখন বলছিলেন, আমি জানি তুমি একটি পাথর, তবুও তোমাকে আমি চুম্বন করছি। যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে চুম্বন দিতে না দেখতাম তবে তোমাকে আমি চুমা দিতাম না। - ইবনু মাজাহ ২৯৪৩, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৬০ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ বকর ও ইবনু উমার (রাঃ) থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, উমার (রাঃ) বর্ণিত এই রিওয়ায়াতটি হাসান-সহীহ। আলিমগণ এতদনুসারে আমলের অভিমত দিয়েছেন। তাঁরা হাজরে আসওয়াদ চুম্বন করা মুস্তাহাব বলে অভিমত পেশ করেছেন। তবে এর কাছে পৌছা সম্ভব না হলে হাত দিয়ে ইস্তিলাম করে তাতে চুম্বন করবে। এতটুকু কাছে পৌছাও সম্ভব না হলে এর বরাবর পৌছে সামনা-সামনি দাড়াবে এবং আল্লাহ আকবার বলবে। এ হলো ইমাম শাফেঈ (রহঃ) এর অভিমত।

## English

Abbas bin Rabi'ah said:
"I saw Umar bin Al-Khattab kissing the (Black) Stone and saying: 'I am kissing you while I know that you are just a stone, and if I had not seen the Messenger of Allah kissing you, I would not kiss you.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবিস ইবন রবীআ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18051

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন